শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং-৩২.০১.০০০০.০০৬.২৫.০৪২.১৪- ১৮০ তারিখ: ০৭/১২/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ সুনামগঞ্জ জেলার নিবন্ধিত সংগঠনসমূহের নেত্রীদের সক্ষমতা বিকাশ শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণ প্রসংগে

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহ পরিচালনার সাথে সম্পৃক্ত ব্যক্তিদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত মানব সম্পদ উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র, সপুরা, রাজশাহীতে নিয়মিত প্রশিক্ষণ পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রাথমিক পর্যায়ে সমিতির সভানেত্রী, সাধারণ সম্পাদিকা ও কোষাধ্যক্ষদের প্রশিক্ষণ প্রদান করা হবে।

০২। আগামী ১০/১২/২০১৭ তারিখ হতে শুরু হয়ে ১৪/১২/২০১৭ তারিখ পর্যন্ত ৫১ তম ব্যাচের প্রশিক্ষণ চলবে। প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য ০৯ ডিসেম্বর, ২০১৭ তারিখ বিকাল ৫.০০ ঘটিকায় প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত হয়ে প্রশিক্ষণ কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট রিপোর্ট করতে অনুরোধ করা হলো। মোবাইল ন:-০১৫৫২৩৮২০৬৯।

০৩। প্রশিক্ষণের জন্য মনোনীত সংযুক্ত তালিকা অনুযায়ী সভানেত্রী, সাধারণ সম্পাদিকা ও কোষাধ্যক্ষগণকে অবশ্যই প্রশিক্ষণে উপস্থিত হতে হবে। তবে আকস্মিক অসুস্থতা বা অন্য কোন বিশেষ কারণে উপস্থিত হতে না পারলে প্রশিক্ষণের জন্য নির্ধারিত তারিখের ৩(তিন) দিন পূবেই জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, **সুনামগঞ্জ** মোবাইল নং-০১৭২২২২৭৯০৪ কে অবহিত করতে হবে।

০৪। প্রশিক্ষণটি সম্পূর্ণ আবাসিক। প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণ কেন্দ্রে অবস্থান করা বাধ্যতামূলক। প্রশিক্ষণ চলা্কালীন বিনা খরচে থাকা খাওয়ার ব্যবস্থা থাকবে এবং প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ সরকার কর্তৃক নির্ধারিত যাতায়াত ভাতা পাবেন।

০৭/১২/১৭
জাকিয়া ইয়াসমিন জোয়ার্দার
উপপরিচালক(প্রশিক্ষণ)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
ফোন: ৯৩৬২৭০৮

সভানেত্রী/সাধারণ সম্পাদিকা/কোষাধ্যক্ষ.
.....
.....

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি :

০১। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,.....
০২। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজশাহী।
০৩। সহকারী পরিচালক, মানব সম্পদ উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র, সপুরা,রাজশাহী।
০৪। অফিস কপি।